অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/27/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পুরো নিউ ইয়র্ক স্টেটে 227 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরির জন্য 45 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করলেন

স্টেটের তহবিল ইরি, টম্পকিনস, ওনিডা, সেইন্ট লরেন্স এবং কিংস কাউন্টিতে স্থায়ী সমর্থক আবাসন তৈরি করবে

পূর্বে গৃহহীন থাকা গৃহ নির্যাতনের শিকার ব্যক্তি, ফস্টার কেয়ারে প্রাপ্তবয়স্ক হয়ে উঠা কমবয়সী, এবং মানসিকভাবে মারাত্মক অসুস্থ এবং/অথবা মাদক ব্যবহার ব্যাধিতে আক্রান্ত ব্যক্তি ও তাদের পরিবারের সহায়তার জন্য প্রকল্পসমূহে অনসাইট সমর্থন সেবাসহ আবাসনের জন্য তহবিল থাকবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটজুড়ে ছয়টি প্রকল্পে 45 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে যা পূর্বে গৃহহীনতার সম্মুখীন হওয়া পরিবার ও ব্যক্তিদের জন্য ইরি, টম্পকিনস, ওনিডা, সেইন্ট লরেন্স এবং কিংস কাউন্টিতে 227 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরি করবে।

"পুরো নিউ ইয়র্ক স্টেটে গৃহহীনতা হ্রাস করতে এবং একই সাথে আমাদের পুরো স্টেটজুড়ে বলীয়ান এলাকাকে সমর্থন করার জন্য আমার প্রশাসনের কাজের কেন্দ্রে রয়েছে নতুন স্থায়ী সমর্থক আবাসন তৈরি," **গভর্নর হোকল বলেন।** "কাজ শেষ হওয়র পর এই প্রকল্পগুলি দুর্বল নিউ ইয়র্কবাসীকে বাসা বলার মতো একটি সাশ্রয়ী স্থান এবং নিজেদের সম্প্রদায়ে নিরাপদে ও সফলভাবে বসবাস করার জন্য তাদের যেই নিরাপত্তা ও সেবা প্রয়োজন তা প্রদান করবে।"

অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) গৃহহীন অবসান ও সহায়তা কর্মসূচির (Homeless Housing and Assistance, HHAP) দ্বারা একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে প্রদত্ত এই অনুদানসমূহ গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ, পরিকল্পনাটি পুরো নিউ ইয়র্ক স্টেটে 100,000 সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণে সাহায্য করবে, যার মধ্যে 10,000টিতে দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবা থাকবে। তহবিলপ্রাপ্ত ছয়টি প্রকল্প গৃহ নির্যাতনের শিকার, ফস্টার কেয়ারে প্রাপ্তবয়স্ক হয়ে উঠা কমবয়সী, গর্ভবতী/সন্তানসহ কিশোর, এবং মানসিকভাবে মারাত্মক অসুস্থ ও মাদক ব্যবহার ব্যাধিতে আক্রান্ত ব্যক্তি ও তাদের

পরিবারসহ গৃহহীনতার ভুক্তভোগী পরিবার ও ব্যক্তিদের জন্য অনসাইট সমর্থক সেবাসহ আবাসন প্রদান করবে।

এইসব সাম্প্রতিক অর্থের ফলে HHAP অর্থবছর 2025 এ প্রদত্ত 128 মিলিয়ন মার্কিন ডলার তহবিলের মধ্যে 95 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করার প্রতিশ্রুতি দিয়েছে। যেসব প্রকল্পে তহবিল বরাদ্দ করা হয়েছে তার মধ্যে রয়েছে:

- **স্ট্যান্ডিং টুগেদার ইফেক্টিভলি ফর পিপল বাই স্ট্যান্ডিং টুগেদার ইফেক্টিভলি বাই পিপল (Standing Together Effectively for People by Standing Together Effectively for People, S.T.E.P. by S.T.E.P**.) - ওগডেন্সবার্গে 42 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরির জন্য 9.7 মিলিয়ন মার্কিন ডলার। এই নক্স স্ট্রিট - ভবন 2 প্রকল্পে একটি তিনতলা ভবন নতুন করে নির্মাণ করা হবে, যেখানে বিনামূল্যের ওয়াইফাই, একটি লন্ড্রি কক্ষ, মিশ্র ব্যবহারের কমন এরিয়া, মিটিং রুম এবং কর্মসূচির কর্মীদের জন্য অফিসের মতো সুযোগ সুবিধা থাকবে। সমর্থন সেবা প্রদান করবে S.T.E.P. by S.T.E.P.।
- **স্টুবেন চার্চপিপল অ্যাগেইন্সট পোভার্টি, ইনকর্পোরেটেড (Steuben Churchpeople Against Poverty, Inc.) d/b/a। আর্বার হাউজিং ডেভেলপমেন্ট (Arbor Housing Development)** - ইথাকায় 20 ইউনিটি স্থায়ী সমর্থক আবাসন তৈরির জন্য 4.2 মিলিয়ন মার্কিন ডলার। বৃহত্তর একটি প্রকল্পের অংশ, প্রস্তাবিত স্টেটলি অ্যাপার্টমেন্টসে থাকবে একটি একক বহুতল ভবনের নতুন নির্মাণ, যেখানে লন্ড্রির সুযোগ, কমিউনিটি কক্ষ, ব্যাগ, এবং বাণিজ্যিক স্থান থাকবে। ক্যাথলিক চ্যারিটিজ অফ টম্পকিনস/টিয়োগা (Catholic Charities of Tompkins/Tioga) সমর্থক সেবা প্রদান করবে।
- **ডেপল প্রোপার্টিজ, ইনকর্পোরেটেড (DePaul Properties, Inc.)** - ইউটিকায় 39 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন নির্মাণের জন্য 7.3 মিলিয়ন মার্কিন ডলার। কলাম্বিয়া স্কয়ার অ্যাপার্টমেন্টসের প্রস্তাবনা হলো একই সিটি ব্লকে অবস্থিত দুটি বৃহৎ পাশাপাশি অ্যাপার্টমেন্টের নতুন নির্মাণ কাজ করা। সুযোগ সুবিধার মধ্যে থাকবে লন্ড্রি কক্ষ, অনসাইট সম্পত্তির ব্যবস্থাপনা, একটি কমিউনিটি কক্ষ, ইউনিটের ভেতর বাসিন্দার স্টোরেজ, একটি বাহ্যিক কেন্দ্রীয় উঠান, বিনামূল্যের ওয়াইফাই, এবং অফস্ট্রিট পার্কিং। ডেপল কমিউনিটি সার্ভিসেস, ইনকর্পোরেটেড (DePaul Community Services, Inc.) সমর্থক সেবা প্রদান করবে।
- **ব্রাউন্সভিল পার্টনারশিপ, ইনকর্পোরেটেড (Brownsville Partnership, Inc.)** - ব্রুকলিনে 81 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরির জন্য 12 মিলিয়ন মার্কিন ডলার। 372 লিভোনিয়ার এই প্রকল্পটির প্রস্তাবনা হলো একটি 11 তলা ভবন নির্মাণ করা যেখানে একটি গরম করার রান্নাঘর, এবং সেই সাথে বহু উদ্দেশ্যে ব্যবহারযোগ্য কক্ষ ও আউটডোর স্পেসসহ কমিউনিটি স্পেস থাকবে। SCO ফ্যামিলি অফ সার্ভিসেস (SCO Family of Services) সমর্থক সেবা প্রদান করবে।
- **রিহ্যাবিলিটেশন সাপোর্ট সার্ভিসেস, ইনকর্পোরেটেড (Rehabilitation Support Services, Inc., RSS)** দ্য মিডোস অফ সেনেকা নির্মাণের জন্য 8.5 মিলিয়ন মার্কিন ডলার, যা ইথাকায় 25 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরি করবে। এই আবেদনের প্রস্তাবনা হলো একটি চারতলা ভবনের নতুন নির্মাণ যেখানে একটি ব্যায়ামের কক্ষ, লন্ড্রির ব্যবস্থা, এবং কমিউনিটি কক্ষ থাকবে। সমর্থক সেবা মূলত RSS প্রদান করবে,

এবং গৃহ নির্যাতনের ভুক্তভোগীদের জন্য টম্পকিনস কাউন্টির দ্য অ্যাডভোকেসি সেন্টার অতিরিক্ত বিশেষায়িত সেবা প্রদান করবে।

- **ডেপল প্রোপার্টিজ, ইনকর্পোরেটেড** - প্যান আমেরিকান স্কয়ার অ্যাপার্টমেন্টস নির্মাণ করতে 3.3 মিলিয়ন মার্কিন দলের, এটি বাফেলোতে 20 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরি করবে। ডেপল কমিউনিটি সার্ভিসেস, ইনকর্পোরেটেড সমর্থক সেবা প্রদান করবে।

নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি গুইন বলেন, "পুরো স্টেটে সমর্থক আবাসনের বিকল্প সম্প্রসারণ করতে গভর্নর হোকলের দৃঢ় প্রতিশ্রুতি দুর্বল নিউ ইয়র্কবাসীকে গৃহহীনতার চক্র ভাঙ্গতে এবং স্থিতিশীল জীবনধারণ করার ক্ষমতা প্রদান করে। এইসব প্রকল্পে গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির বিনিয়োগ পুরো নিউ ইয়র্ক স্টেটে গৃহহীনতায় ভুগতে থাকা বা গৃহহীন হওয়ার ঝুঁকিতে থাকা ব্যক্তি ও পরিবারকে অতি প্রয়োজনীয় স্থিতিশীল বাসা এবং অত্যাবশ্যকীয় সমর্থন সেবা প্রদান করবে, যাদের মধ্যে দুঃস্থ বয়স্ক ব্যক্তি, ফস্টার কেয়ারে প্রাপ্তবয়স্ক হয়ে উঠা কমবয়সী, এবং গৃহ নির্যাতনের ভুক্তভোগী ব্যক্তি থাকবে।"

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "OTDA তে আমাদের অংশীদারদের প্রদত্ত আজকের 45 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ 227টি গৃহস্থালিকে বিছানা ও তাদের মাথার উপর ছাদ থাকার নিরাপত্তা এবং মর্যাদা প্রদান করবে, এবং বাসিন্দাদের বিকাশ ও সমৃদ্ধিতে সাহায্য করার জন্য সমর্থক সেবা উপলভ্য থাকবে, যার মধ্যে HCR এর সহায়তায় তৈরি 40টি থাকবে। এটি অভাবী পরিবারসমূহকে আগামী বহু বছরের জন্য স্থিতিশীলতা অর্জন করতে সাহায্য করবে এবং পুরো স্টেটে সাশ্রয়ী, সমর্থক আবাসন তৈরির মাধ্যমে গৃহহীনতা ও আবাসন অনিরাপত্তা নির্মূলে গভর্নর হোকলের মনোযোগের এটি একটি উদাহরণস্বরূপ।"

নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের (New York State Office of Mental Health) কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন, "মানসিকভাবে অসুস্থ নিউ ইয়র্কবাসীর সম্প্রদায়ে স্বাধীনভাবে বসবাস করার জন্য তারা যেই সমর্থনের উপর নির্ভর করে তা যাতে তাদের কাছে থাকে তা নিশ্চিত করার আমাদের প্রয়াসে সমর্থক আবাসন একটি অপরিহার্য ভূমিকা পালন করে। গভর্নর হোকলের নেতৃত্বাধীন, গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি এমন প্রকল্পের জন্য অতি গুরুত্বপূর্ণ মূলধন প্রদান করছে যা মানসিকভাবে অসুস্থ ব্যক্তি ও পরিবারের সমর্থনে বিশেষায়িত আবাসনের নতুন ইউনিট তৈরি করবে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তি ও পরিবারের জন্য মাদক ব্যবহার ব্যাধি এবং গৃহ নির্যাতনের মতো স্বাস্থ্য উদ্বেগ সমাধান করে এমন কর্মসূচি ও সেবাকে সমর্থন করার ব্যাপারে স্বাস্থ্য বিভাগ (Health Department) প্রতিশ্রুতিবদ্ধ। আমরা আবাসনকে স্বাস্থ্যের একটি গুরুত্বপূর্ণ সামাজিক নির্ণায়ক হিসেবে স্বীকার করি এবং ফলে এটিকে একটি জননিরাপত্তা অগ্রাধিকার বলে গণ্য করি। গভর্নর হোকলের অব্যাহত নেতৃত্ব সকল নিউ ইয়র্কবাসীকে স্থিতিশীল, সাশ্রয়ী, এবং সমর্থক আবাসন পাওয়ার সুযোগ প্রদান করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট আসক্তি সেবা ও সমর্থন অফিসের (New York State Office of Addiction Services and Supports) কমিশনার ডাঃ শিনাজো কানিংহ্যাম বলেন, "এটি একটি গুরুত্বপূর্ণ প্রয়াস যা অভাবী নিউ ইয়র্কবাসীরকে নিরাপদ ও সুরক্ষিত আবাসন খুঁজে পেতে সাহায্য করে এবং আসক্তি ও অন্যান্য স্বাস্থ্যসেবার চাহিদার জন্য সেবার আরো ভালো সুযোগ প্রদান করে তাদের জন্য জন্য একটি পার্থক্য তৈরি করে দিবে। এমন আবাসন প্রকল্প হলো আসক্তির দ্বারা প্রভাবিত ব্যক্তি ও তাদের পরিবারকে প্রদত্ত সেবার একটি অত্যাবশ্যকীয় অংশ, এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে এই সেবা সম্প্রসারিত করতে এবং সকল নিউ ইয়র্কবাসীকে আরো স্বাস্থ্যকর জীবনযাপনে সাহায্য করতে গভর্নর হোকলের ভিশনের সমর্থনে আমাদের সহযোগী এজেন্সিসমূহের সাথে কাজ অব্যাহত রাখতে পেরে আমরা গর্বিত।"

নিউ ইয়র্ক শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক এমন প্রকল্পে বিনিয়োগ করাকে অগ্রাধিকার প্রদান করছে যা আমাদের সবথেকে দুর্বল বাসিন্দাদের জন্য একটি উচ্চমানের জীবনযাত্রা নিশ্চিত করবে এবং একই সাথে আমাদেরকে আমাদের নিঃসরণ হ্রাসের লক্ষ্যের আরো কাছে নিয়ে যাবে। কীভাবে শক্তি দক্ষ ব্যবস্থা শক্তির ব্যবহার হ্রাস করতে পারে সেই গল্প এইসব আধুনিক সমর্থক আবাসন প্রকল্পের কাজ শেষ হওয়ার পর ব্যক্ত হবে এবং একই সাথে পুরো স্টেটের বাসিন্দাদের আধুনিক, সাশ্রয়ী, এবং স্বাস্থ্যকর বসবাসের স্থান প্রদান করা যাবে।"

S.T.E.P. by S.T.E.P. ইনকর্পোরেটেডের নির্বাহী পরিচালক ডেভিড বাইন বলেন, "এই প্রকল্পটি গৃহহীনতায় ভুগতে থাকা সেইন্ট লরেন্স কাউন্টির সবথেকে দুর্বল বাসিন্দাদেরকে সম্প্রদায়ে স্থিতিশীল জীবন অর্জন ও বজায় রাখতে সাহায্য করার একটি প্রয়াস হিসেবে, অতি প্রয়োজনীয় নিরাপদ, সাশ্রয়ী আবাসন প্রদান করার মাধ্যমে তাদেরকে অত্যাবশ্যকীয় সমর্থক সেবার সরাসরি অ্যাক্সেস প্রদান করে। OTDA এর গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি এবং দুর্বল নিউ ইয়র্কবাসীর জন্য স্থায়ী সমর্থক আবাসনের সরবরাহ সম্প্রসারিত করতে স্টেটের অবিচল প্রতিশ্রুতির জন্য আমরা কৃতজ্ঞ, এবং সেইন্ট লরেন্স কাউন্টির চুক্তিটি জেতার জন্য S.T.E.P. by S.T.E.P. সম্মানিত বোধ করছে।"

আর্বার হাউজিং অ্যান্ড ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা সুসান বুল বলেন, "ভিসুম ডেভেলপমেন্ট গ্রুপের সাথে সহযোগিতামূলক প্রয়াসের একটি প্রকল্প, স্টেটলি অ্যাপার্টমেন্টসের জন্য গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির অর্থ পেয়ে আমরা অত্যন্ত আনন্দিত। ডাউনটাউন ইথাকায় একদম নতুন সাশ্রয়ী এবং অতি প্রয়োজনীয় সমর্থক আবাসন আনা HHAP তহবিল সম্ভব করছে।"

ডেপল প্রোপার্টিজ ইনকর্পোরেটেডের প্রেসিডেন্ট মার্ক ফুলার বলেন, "ওনিডা কাউন্টিতে কলাম্বিয়া স্কয়ার অ্যাপার্টমেন্টস এবং ইরি কাউন্টিতে প্যান আমেরিকান স্কয়ারের কাজ শেষ করা নিশ্চিত করার জন্য গভর্নর হোকল, অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি, এবং আমাদের অন্যান্য সম্প্রদায়ের অংশীদার ও তহবিল দাতাদের অবদান অনস্বীকার্য। পুরো নিউ ইয়র্ক স্টেটে দুর্বল জনগোষ্ঠীকে উত্থিত করা, মানুষকে মর্যাদা ও

সমর্থনসহ বসবাস করার জন্য প্রয়োজনীয় স্থিতিশীলতা প্রদান করা অব্যাহত রাখার জন্য ডেপেল উন্মুখ।"

ব্রাউন্সভিল পার্টনারশিপ ইনকর্পোরেটেডের নির্বাহী পরিচালক অনিতা লাকেট বলেন, "আমাদের সম্প্রদায় এবং দীর্ঘদিনের অংশীদার SCO ফ্যামিলি অফ সার্ভিসেসের সাথে হাতে হাত মিলিয়ে ব্রাউন্সভিল পার্টনারশিপ নিউ ইয়র্কের ব্রাউন্সভিলের একটি খালি সিটি লটকে পূর্বে গৃহহীন থাকা কমবয়সী এবং ফস্টার কেয়ারে প্রাপ্তবয়স্ক হয়ে উঠা কমবয়সীদের জন্য সমর্থক আবাসনে রূপান্তর করতে যাচ্ছে। নিউ ইয়র্কের গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির তহবিল নিয়ে 372 লিভোনিয়া 81টি বাসা প্রদান করবে যেখানে কমবয়সী প্রাপ্তবয়স্ক গৃহস্থালিসমূহ সমৃদ্ধি করতে পারে এবং প্রাপ্তবয়স্ক জীবন শুরু করার সময়ই বলীয়ান ভবিষ্যৎ গঠন শুরু করতে পারে।"

রিহ্যাবিলিটেশন সাপোর্ট সার্ভিসেস, ইনকর্পোরেটেডের নির্বাহী পরিচালক উইলিয়াম ডেভিটা বলেন, "নিউ ইয়র্ক স্টেটে নিরাপদ, সাশ্রয়ী, স্থায়ী সমর্থক আবাসনের বিকল্পের প্রচারের জন্য গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচিকে রিহ্যাবিলিটেশন সাপোর্ট সার্ভিসেস, ইনকর্পোরেটেডে ধন্যবাদ জানাচ্ছে। অতি গুরুত্বপূর্ণ এই তহবিলটি সাউদার্ন টিয়ারের 70 ইউনিটের একটি বৃহত্তর ডেভেলপমেন্টের মধ্যে অতিরিক্ত 25টি স্থায়ী সমর্থক অ্যাপার্টমেন্ট তৈরির দ্বারা একটি বলীয়ান ও ভারসাম্যপূর্ণ সম্প্রদায়ের গঠনকে সমর্থন করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন